বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রেডিট বিভাগ-১

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৫/২০১৭ তারিখঃ ০৭/১১/২০১৭

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বৎসরে বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে আলু বীজ উৎপাদনের জন্য কৃষি ঋণ প্রদান কর্মসূচী।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের চুক্তিবদ্ধ চাষীদের আলু বীজ উৎপাদনের জন্য ঋণদান কর্মসূচী প্রসঙ্গে অত্র বিভাগের ২৫/১০/২০১৬ খ্রিষ্টাব্দ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৮/২০১৬ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক অন্যান্য বৎসরের মত ২০১৭-১৮ অর্থ বৎসরেও বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের মধ্যে আলু বীজ উৎপাদনের জন্য ঋণদান কর্মসূচী গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। উল্লেখ্য বিএডিসি ও বিকেবি এর মধ্যে এই ব্যাপারে ৫(পাঁচ) বৎসরের জন্য যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হইয়াছে তাহা আগামী ৩১শে ডিসেম্বর, ২০১৯ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে। চলতি অর্থ বৎসরে উক্ত ঋণ প্রদানের মাধ্যমে উল্লেখিত প্রকল্প বাস্বায়নের জন্য নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হইলঃ

(ক) অনুমোদিত এলাকাঃ
বিএডিসি'র ২০ টি আলু বীজ উৎপাদন জোনে বিকেবি'র ২৪ টি অঞ্চলের শাখাসমূহ অর্ন্তভুক্ত। ২০১৭-১৮ অর্থ বৎসরের বিভিন্ন আলু বীজ উৎপাদন জোনের অনুমোদিত ব্লক, ইউনিয়ন, থানা, জমির পরিমান, চাষীর সংখ্যা,ব্যাংকের শাখা ও অঞ্চলসমূহের নাম পরিশিষ্ট-'ক' তে প্রদর্শিত হইল। উল্লেখিত শাখাসমূহ উক্ত কর্মসূচীর আওতায় ঋণ বিতরণ করিবে।

(খ) ঋণ নিয়মাচারঃ
আলু বীজ উৎপাদনের জন্য কাশিমপুর (গাজীপুর) , কিশোরগঞ্জ, বরিশাল, দত্তনগর(চুয়াডাঙ্গা), মধুপুর(টাঙ্গাইল), মিরপুর(ঢাকা),মুন্সিগঞ্জ, মালতী (ধনবাড়ী)টাঙ্গাইল, শ্রীমঙ্গল(মৌলবীবাজার), শেরপুর, পাকুন্দিয়া( কিশোরগঞ্জ), জামালপুর, হোমনা (কুমিল্লা), চাঁদপুর, ফরিদপুর, যশোহর, কুষ্টিয়া,বারাদি (মেহেরপুর), নকলা(শরপুর) এবং গোপালগঞ্জসহ ২০টি জোনের চুক্তিবদ্ধ চাষীদেরকে একর প্রতি ৪৯,৭০০/- (উনপঞ্চাশ হাজার সাতশত ) টাকা ঋণ হিসাবে প্রদানের জন্য নর্মস নির্ধারণ করা হইয়াছে যাহা পরিশিষ্ট-'খ' তে প্রদর্শিত হইল।

(গ) ঋণ বিতরণের সময়সীমাঃ
এই ঋণ আগামী ৩০শে ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত বিতরণ করা যাইবে। বীজ, সার, কীটনাশক, শস্য সংরক্ষণকারী ঔষধ (পেষ্টিসাইড) ইত্যাদির বিপরীতে ঋণ দ্রব্যের আকারে প্রদান করিতে হইবে। বিএডিসি'র উপ-পরিচালক(আলু বীজ) কর্তৃক বিকেবি'র নিকট পরিপূর্ণ ঋণ প্রস্তাব দাখিলের ৭(সাত) দিনের মধ্যে ঋণ মঞ্জুর করার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(ঘ) ঋণ আদায়ের সময়সীমাঃ
বিতরণকৃত ঋণ আগামী ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে সুদসহ সম্পূর্ণ আদায়যোগ্য হইবে। ঋণ আদায়ের জন্য বিএডিসি'র স্থানীয় কর্মকর্তাগণ ও ব্যাংক শাখাসমূহ যৌথভাবে বিশেষ উদ্যোগে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(ঙ) ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ
আলু বীজ উৎপাদনে সহায়তা করার লক্ষ্যে যে কোন ২(দুই)টি (আলু ও অন্যান্য যে কোন একটি শস্য বন্ধকী) ঋণ বকেয়া থাকিলেও বিএডিসি'র ব্লকভুক্ত এলাকায় চুক্তিবদ্ধ চাষীদের মধ্যে এ ঋণ বিতরণ করা যাইবে। আলু বীজ উৎপাদনের জন্য পূর্ববর্তী ঋণ থাকিলেও তাহার কিস্তি পুনঃ নির্ধারণ পূর্বক নতুন আলু বীজ ঋণ দেওয়া যাইবে। তবে কর্মসূচীভুক্ত কোন এলাকায় চুক্তিবদ্ধ চাষীদের নিকট কোন মেয়াদোত্তীর্ণ ঋণ থাকিলে তাহা ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে আদায়ের জন্য বিএডিসি'র স্থানীয় কর্তৃপক্ষ ও ব্যাংক শাখাসমহ যৌথভাবে বিশেষ উদ্যোগ গ্রহণ করিবে। আলু ব্যতিত অন্য শস্য ঋণ মেয়াদোত্তীর্ণ থাকিলে এই ঋণ দেওয়া যাইবে না।

আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ
AGM (Systems)
AGM (Card)
SPO/ASA/PO/EXCN
Mr.......... Shamim
১। প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
২। অতীব জরুরী দ্রুত ব্যবস্থা নিন।
৩। কাংখিত তথ্য/প্রতিবেদন প্রেরণ করুন।
৪। নির্ধারিত সময়ের মধ্যে জবাব দিন।
৫। আলাপ করুন।
Rashid ৮-১১-১৭
ডিজিএম
ডাইরী: ১৪৫৭
তারিখঃ
BADC (Circular)2017-18
স্বাক্ষর

চলমান পাতা-০২।

০৩। এই কর্মসূচীর আওতায় ঋণ বিতরণের জন্য বাজেট বরাদ্দের বিষয়টি প্রতিবন্ধক হিসাবে বিবেচিত হইবে না।

০৪। উপরোক্ত শর্তাবলীসহ এই প্রসঙ্গে জারীকৃত অন্যান্য নির্দেশাবলী সঠিকভাবে অনুসরণ পূর্বক ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উৎপাদন কর্মকান্ডে যথাযথ ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হইল।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ ১৮(আঠার) পাতা।

০৭.১১.২০১৭

(নিতাই চন্দ্র রায়)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-প্রকা/ক্রেঃবিঃ-১/১৫(৪৫)অংশ-৪/২০১৭-১৮/২৩৬ (২০০) তারিখঃ - ঐ -

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের নিকট পরিপত্রটির অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক, বিকেবি, ষ্টাফ কলেজ, প্লট নং-৩, ব্লক নং-এ, সেকশন নং-১৩, প্রধান সড়ক, মিরপুর, ঢাকা।
৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিষ্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (সার্কুলারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/সকল কর্পোরেট শাখাসমূহ।
৭। অতিরিক্ত মহাব্যবস্থাপক (সিডিপি ক্রপস), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
৯। সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
১০। সংশ্লিষ্ট আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১১। সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি / মহানথি।

০৭/১১/২০১৭

(মোঃ মুজিবর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক